

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৯৯

পর্ব-৮: কুরআনের মর্যাদা (کتاب فضائل القران)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - (কুরআন অধ্যয়ন ও তিলাওয়াতের আদব)

আরবী

وَعَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «زَيِّنُوا الْقُرْآنَ بِأَصْوَاتِكُمْ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهْ وَالدَّارِمِيُّ

বাংলা

২১৯৯-[১৩] বারা ইবনু 'আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'তোমাদের মিষ্টি স্বর দিয়ে কুরআনকে সুন্দর করো।' (আহমদ, আবু দাউদ, ইবনু মাজাহ ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৪৬৮, নাসায়ী ১০১৫, ইবনু মাজাহ ১৩৪২, ইবনু আবী শায়বাহ্ ৮৭৩৭, আহমাদ ১৮৪৯৪, দারিমী ৩৫৪৩, মুসতাদারাক লিল হাকিম ২০৯৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ২৪২৬, সহীহ ইবনু হিব্বান ৭৪৯, সহীহ আত্ তারগীব ১৪৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কুরআন মাজীদকে সুন্দর কণ্ঠে তিলাওয়াত করা শারী আতের নির্দেশ। কুরআনকে সুর দিয়ে পড়লে আরো সুন্দর হয়। এ ব্যাপারে রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (حسنا الصوت الحسن يزيدالقرآن) অর্থাৎ- সুমধুর কণ্ঠ কুরআনের সৌন্দর্য বৃদ্ধি করে। আর তা নিষিদ্ধ নয়, কেননা সৌন্দর্য বর্ধক জিনিস সেই বস্তুরই অন্তর্ভুক্ত। আল মানাবী (রহঃ) বলেন, আসলে উপরোক্ত হাদীস দ্বারা তারতীল সহ কুরআন তিলাওয়াতের উপর উদ্ধৃদ্ধ করা হয়েছে। যেমন আল্লাহ বলেন, وَرُبِّلُ الْقُرُّ الْنَ تَرْتِيلًا الْقُرُّ الْنَ تَرْتِيلًا الْقُرُّ الْنَ تَرْتِيلًا (সূরা আল মুয্যাম্মিল ৭৩ : ৪)। অর্থাৎ- কুরআন তাজবীদসহ চিন্তা বিমুগ্ধ করুন স্বরে পাঠ কর। সুন্দর কালামুল্লাহকে সুর করে পড়লে মানুষ বিমোহিত হয়ে পড়ে। একদা নাবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আরু মূসা -এর তিলাওয়াত শুনে বললেন, (القد أوتيت مزماراً من مزامير آل داود) তোমাকে দাউদ (আঃ)-এর কণ্ঠস্বর দেয়া হয়েছে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন